



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর
পীরগঞ্জ, রংপুর



www.macademyrangpur.gov.bd

নং: ১৮.২৬.৮৫৭৬.০০১.৯৯.০০১.২৫/৫৫৬

তারিখঃ ২১ পৌষ ১৪৩১
০৫ জানুয়ারি ২০২৫

২০২৪-২০২৫ সেশনের ৫ম ব্যাচ ক্যাডেট হিসেবে নির্বাচিত প্রার্থীদের ভর্তির নির্দেশনাবলী।

১। নৌপরিবহন মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশিত ফলাফল অনুযায়ী বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর-এর জন্য ২০২৪-২০২৫ সেশনের ৫ম ব্যাচে নির্বাচিত প্রার্থীগণ আগামী ০৫-১২ জানুয়ারি ২০২৫ তারিখ (সরকারি ছুটি ব্যতীত) সকাল ০৯.৩০ ঘটিকা হতে বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত ভর্তি হতে পারবে।

২। একাডেমিতে ভর্তিকালীন সময় ভর্তি ফি হিসেবে টাকা ৩০,০০০/- (টাকা ত্রিশ হাজার মাত্র) সোনালী ব্যাংক এর যে কোনো শাখা থেকে কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জমা দিতে হবে।

৩। যে সকল প্রার্থী বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এর জন্য মনোনীত হয়েছেন তাদেরকে সোনালী ব্যাংক এর যে কোনো শাখা থেকে কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর অনুকূলে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মাধ্যমে ভর্তিকালীন ও পরবর্তী টাকা/ফি পরিশোধ করতে হবে।

৪। নির্বাচিত প্রার্থীগণ নিম্নোক্ত অনুমোদিত ডায়াগনস্টিক সেন্টার সমূহ হতে CBC, RBS, CXR, HbsAg, VDRL, HIV, ECG এবং Urine for DA Health Screening Profile সম্পন্ন করতঃ টেস্ট এর রিপোর্টসহ চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষার জন্য ভর্তিকালীন তারিখ গুলোতে (০৫-১২ জানুয়ারি ২০২৫) বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর এ উপস্থিত হতে হবে।

| | | | |
|----|------------------------------------|---|-------------------------|
| ক। | এ্যাপোলো ডায়াগনস্টিক সেন্টার | } | (বাংলাদেশের যেকোন শাখা) |
| খ। | পপুলার ডায়াগনস্টিক সেন্টার | | |
| গ। | ল্যাব এইড ডায়াগনস্টিক সেন্টার | | |
| ঘ। | ইবনে সিনা ডায়াগনস্টিক সেন্টার | | |
| ঙ। | আপডেট ডায়াগনস্টিক সেন্টার | | |
| চ। | মোহাম্মাদীয়া ডায়াগনস্টিক সেন্টার | | |
| ছ। | ধাপ সাইন্টিফিক ল্যাব | } | (রংপুর) |

৫। ভর্তি হওয়ার সময় নিম্নোক্ত মূল সনদ ও নম্বরফর্দ জমা দিতে হবেঃ

| | | |
|----|--|--------------------------------------|
| ক। | মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ | -প্রত্যেকটি: ০২ (দুই) টি ছায়ালিপিসহ |
| খ। | উচ্চ মাধ্যমিক পরীক্ষার মূল সনদ ও নম্বরফর্দ | -প্রত্যেকটি: ০২ (দুই) টি ছায়ালিপিসহ |
| গ। | জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি | -০২ (দুই) কপি |
| ঘ। | অবিবাহিত প্রমাণের সনদপত্র (মূলকপি) | -০১ (এক) কপি |
| ঙ। | পিতা/মাতা/অভিভাবকের আয়ের সনদপত্র | -০১ (এক) কপি |
| চ। | পাসপোর্ট ও স্টাম্প সাইজের ছবি | -প্রত্যেকটি ০৪ (চার) কপি |

৬। প্রশিক্ষণে অংশগ্রহণের নিমিত্ত (১) মূল আবেদন ফরম (Main Application Form); (২) ইনডেমনিটি বন্ড নমুনা Annex-A (তিনশত টাকা মূল্যের নন-জুডিসিয়াল স্টাম্প); এবং (৩) ০২ বছর প্রশিক্ষণের ব্যয়ভার বহনের সামর্থ্যের অনুকূলে পিতা/আইনানুগ অভিভাবকের অঙ্গীকার নামা; ভর্তির দিন প্রদান করা হবে। ফরম সমূহ যথাযথভাবে পূরণ করে একাডেমিতে যোগদানের সময় জমা দিতে হবে (যোগদানের তারিখ পরবর্তীতে জানানো হবে)।

৭। অভিভাবকের মধ্যে চাকুরিরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট দপ্তর থেকে আয়কর সনদ/আয়কর রিটার্ন অথবা অফিস প্রধান কর্তৃক আয়ের প্রত্যয়নপত্র এবং অন্যান্য অভিভাবকদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়ন পরিষদ কর্তৃপক্ষ থেকে প্রদত্ত বাৎসরিক আয়ের সনদপত্র দাখিল করতে হবে।

ক্যাপ্টেন মোঃ সাহেদ সান্তার
(ট্যাজ), বিসিজিএম, পিএসসি, বিএন
কমান্ড্যান্ট
বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর
মোবাইলঃ ০১৩২৪৭৬৪৮০০

ই-মেইলঃ commandant@academyrangpur.gov.bd